# Times Today BD

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 31 May, 2025

নোয়াখালীর দ্বীপ উপজেলা হাতিয়াতে নিম্নচাপের প্রভাবে নিম্নাঞ্চল প্লাবিত হয়।এতে ১২৫টি ঘর ও ফসলের ব্যাপক ক্ষতি হয়েছে।

শনিবার (৩১ মে) সকালে এসব তথ্য নিশ্চিত করেন হাতিয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. আলাউদ্দিন।

উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয় সূত্রে জানা যায়, নিম্নচাপের প্রভাবে টানা কয়েক দিনের ভারী বর্ষণ, ঝড়ো হাওয়া ও জলোচ্ছ্বাসে উপজেলার নিঝুমদ্বীপ, হরণী, চানন্দী,সুখচর, নলচিরা, চরঈশ্বর,তদরদ্দি,চরকিং,সোনাদিয়া ইউনিয়নসহ ৯টি ইউনিয়নে ১২৫টি ঘর ক্ষতিগ্রস্থ হয়েছে। এ ছাড়া গবাদি ও গৃহপালিত ৭০টি পশু, মাটির রাস্তা ৫৭ কিলোমিটার,পাকা সড়ক ৬ কিলোমিটার,কালভার্ট ৬টি, পুকুর ৭৩টি, দোকান ৭০টি ক্ষতিগ্রস্ত হয়েছে।একই সঙ্গে জলাবদ্ধতা দেখা দিয়েছে বিস্তীর্ণ এলাকাজুড়ে।

অপরদিকে জেলা শহর মাইজদীর বেশ কয়েকটি এলাকায় এখনো জলাবদ্ধতা রয়েছে।এতে জনদুর্ভোগ চরমে পৌঁছেছে।নোয়াখালী পৌরসভার ড্রেন ও খালে ময়লা আবর্জনা জমে থাকার কারণে পানি নামতে না পারায় এমন পরিস্থিতি সৃষ্টি হয়েছে বলে জানান স্থানীয় বাসিন্দারা।

হাতিয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. আলাউদ্দিন আরো বলেন, ক্ষয়ক্ষতির তথ্য সংগ্রহ করা হচ্ছে।এখন পর্যন্ত পাওয়া তথ্য উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে পাঠানো হয়েছে।

নোয়াখালী নিম্নচাপ উপজেলা নির্বাহী কর্মকর্তা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 21:01

URL: https://www.timestodaybd.com/across-the-country/7758073179